



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
Bangladesh Open University

প্রশাসন বিভাগ, বোর্ড বাজার, গাজীপুর-১৭০৫, ফোন: ৯২৯১১১২, ফ্যাক্স: ৯২৯১১৩০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

বাউবি/প্রশা(সাধা)/বিবিধ-৭৯(৫৯/৪)/৯৯/খন্ড-১/৪ ৬৬৬

তারিখ: ১৭/১১/২০১৭

পরিপত্র

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় হতে রোহিঙ্গা শরণার্থীদের আর্থিক সাহায্য প্রদানের লক্ষ্যে প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অর্থ প্রেরণের উদ্যোগ গ্রহণ করেছে। উক্ত উদ্যোগের অংশ হিসেবে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে কর্মরত যে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী স্বেচ্ছায় ১(এক) দিনের বেতনের সমপরিমান অর্থ কর্তন করতে ইচ্ছুক তাঁদেরকে আগামী ৩০ নভেম্বর '১৭ তারিখের মধ্যে লিখিতভাবে পরিচালক (অর্থ ও হিসাব)-কে জানানোর জন্য অনুরোধ করা হলো।

নির্দেশক্রমে,

(অধ্যাপক ড. আবুল হোসাইন আহমেদ ভূঁইয়া)
রেজিস্ট্রার (দায়িত্বপ্রাপ্ত)

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১. ডীন (সকল), স্কুল, বাউবি। উক্ত পরিপত্রটি সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিতকরণসহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
২. পরিচালক/বিভাগীয় প্রধান (সকল), বিভাগ, বাউবি। উক্ত পরিপত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিতকরণসহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩. আঞ্চলিক পরিচালক (সকল), আঞ্চলিক কেন্দ্র, বাউবি। উক্ত পরিপত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণকে অবহিতকরণসহ এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৪. পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাউবি। সংশ্লিষ্ট শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর বেতন থেকে ১(এক) দিনের বেতন কর্তন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৫. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। পরিপত্রটি বাউবির ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৬. পরিচালক, মুক্তিযুদ্ধ গবেষণা কেন্দ্র, বাউবি।
৭. পরিচালক, ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেল (IQAC), বাউবি।
৮. যুগ্ম-পরিচালক (এসএসএস) ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, অডিট সেল, উপাচার্যের দপ্তর, বাউবি। তাঁর দপ্তরে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে পরিপত্রটি অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।
৯. শাখা প্রধান, প্রশাসন বিভাগ, বাউবি। তাঁর শাখায় কর্মরত কর্মকর্তা ও কর্মচারীগণকে পরিপত্রটি অবহিত করার জন্য তাঁকে অনুরোধ করা হ'ল।
১০. একান্ত সচিব-১/একান্ত সচিব-২, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১. সহকারী পরিচালক, প্রো-উপাচার্যের দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
১২. সহকারী পরিচালক, ট্রেজারার-এর দপ্তর, বাউবি। ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৩. পি.এ টু রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দপ্তর, বাউবি। রেজিস্ট্রার মহোদয়ের সদয় অবগতির জন্য।
১৪. সংশ্লিষ্ট নথি।

১৭৮০০
১৭/১১/১৭